# রেলের গ্রুপ ডি পরীক্ষা প্রস্তুতি

ভারতীয় রেলের কলকাতা, গুয়াহাটি, পাটনা ও রাঁচি সহ বিভিন্ন কারখানা/ইউনিটে ৬২,৯০৭ জন গ্রুপ ডি কর্মী নিয়োগ করা হবে। যাঁরা আবেদন করেছেন, সবার প্রস্তুতির সুবিধার জন্য এই ধারাবাহিক প্র্যাক্টিস সেট।

কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও কাগজপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স- সায়েন্স অ্যান্ড টেকনোলজি, স্পোর্টস, কালচার, পার্সোন্যালিটি, ইকোনমিক্স, পলিটিক্স এবং অন্যান্য যে-কোনো জরুরি বিষয়)— এসবের ওপর। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে।

**1. ২০১৮ সালে ভারতের কোন শহরে ওয়ার্ল্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট সম্মেলন অনুষ্ঠিত হয়?**
(a) দিল্লি (b) বেঙ্গালুরু (c) জয়পুর (d) ভোপাল

**2. সম্প্রতি কোন শহরে ভারত-দক্ষিণ আফ্রিকা বাণিজ্যিক সম্মেলন (ISABS-2018) অনুষ্ঠিত হয়?**
(a) নতুন দিল্লি (b) জোহানেসবার্গ (c) কেপ টাউন (d) কোনোটি সঠিক নয়

**3. ২০১৮ ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে-র থিম কী?**
(a) Keeping Power in Check: Media, Justice and The Rule of Law (b) Media and Good Government (c) Freedom of Information: The right to know (d) 21st Century Media: New Frontiers, New Barriers

**4. পূজা গাটকার কোন খেলার সঙ্গে যুক্ত?**
(a) শ্যুটিং (b) বক্সিং (c) রেসলিং (d) টেনিস

**5. কোন ভারতীয় স্কোয়াশ খেলোয়াড় ২০১৮ আবু ধাবি ওপেন স্কোয়াশ টাইটেল জেতেন?**
(a) Cyrus Poncha (b) Harinder Pal Sandhu (c) Ramit Tandon (d) Mahesh Mangaonkar

**6. ২০১৮ আন্তর্জাতিক চিলড্রেন্স থিয়েটার ফেস্টিভ্যাল কোন রাজ্যে অনুষ্ঠিত হয়?**
(a) উত্তর প্রদেশ (b) পশ্চিমবঙ্গ (c) মধ্য প্রদেশ (d) কেরালা

**7. সম্প্রতি কোন রাজ্যে 'স্টার খেল মহাকুম্ভ' চালু হয়?**
(a) হিমাচল প্রদেশ (b) অন্ধ্রপ্রদেশ (c) উত্তর প্রদেশ (d) মধ্য প্রদেশ

**8. নিচের কোনটি ভেক্টর রাশি?**
(a) ভর (b) আয়তন (c) উষ্ণতা (d) গতিবেগ

**9. থার্মোমিটার : তাপমাত্রা : : গ্লুকোমিটার : ?**
(a) বডি শুগার (b) বডি রেজিস্ট্যান্স (c) রক্ত (d) ব্লাড শুগার

**10. কোন রাজ্য সরকার সম্প্রতি 'গো টু ভিলেজ' মিশন চালু করে?**
(a) মিজোরাম (b) নাগাল্যান্ড (c) মণিপুর (d) ত্রিপুরা

**11. অনীক বাবাইয়ের থেকে লম্বা। আবার বাবাই অমিতের থেকে লম্বা কিন্তু কুন্তলের থেকে বেঁটে। রাকেশ অমিতের থেকে বেঁটে। কুন্তল রাকেশের থেকে লম্বা কিন্তু অনীকের থেকে বেঁটে। এদের মধ্যে সবচেয়ে লম্বা কে?**
(a) অনীক (b) কুন্তল (c) রাকেশ (d) অমিত

**12. ২০১৮ বিশ্ব কার্টুনিস্ট দিবস কবে পালন করা হয়?**
(a) মে ৬ (b) মে ৫ (c) মে ৪ (d) মে ৭

**13. বিশ্ব তামাক বর্জন দিবস কোন দিনটিতে পালন করা হয়?**
(a) ১ জুন (b) ৫ জুন (c) ২৯ মে (d) ৩১ মে

**14. দ্রব্যমূল্য $12\frac{1}{2}\%$ হ্রাস হওয়ার জন্য এক ব্যক্তি টাকায় 8টি দ্রব্য বেশি ক্রয় করতে সক্ষম হন। পরিবর্তিত (হ্রাস প্রাপ্ত) মূল্যে তিনি কটি দ্রব্য ক্রয় করতে পারবেন?**
(a) 31টি দ্রব্য (b) 32টি দ্রব্য (c) 33টি দ্রব্য (d) 34টি দ্রব্য

**15. একজন সুস্থ মানুষের হৃদ্স্পন্দনের হার কত?**
(a) প্রতি মিনিটে ৭২ বার (b) প্রতি মিনিটে ৫০ বার (c) প্রতি মিনিটে ৪৫ বার (d) প্রতি মিনিটে ৩১ বার

**16. ২০১৮ কৃষি উন্নতি মেলা কোন শহরে হয়?**
(a) লক্ষ্ণৌ (b) নতুন দিল্লি (c) ইন্দোর (d) জয়পুর

**17. কোনো একটি সাংকেতিক ভাষায় যদি October- কে Pdupcfs লেখা যায়, তবে ওই একই সাংকেতিক ভাষায় August- কে কী লেখা যাবে?**
(a) Bqhbtu (b) Bmhvto (c) Bvhvtu (d) Bvgvwu

**18. বেরিয়াম ব্যবহার করা হয় ..........**
(a) রক্তের গ্রুপ পরীক্ষা করতে
(b) পৌষ্টিক নালীর এক্সরে করতে
(c) মস্তিষ্কের এক্সরে করতে
(d) এর মধ্যে কোনোটিই নয়

**19. সম্প্রতি কোন দেশে 'গ্লোবাল ডিজিটাল হেলথ পার্টনারশিপ সম্মেলন' অনুষ্ঠিত হয়?**
(a) কানাডা (b) ইংল্যান্ড (c) ভারত (d) অস্ট্রেলিয়া

**20. ভারতের কোন রাজ্য রোবট দিয়ে ম্যানহোল পরিষ্কার করার পদ্ধতি চালু করল?**
(a) মহারাষ্ট্র (b) কর্নাটক (c) কেরল (d) আসাম

**21. মধ্যপ্রদেশের কোন শহরে পঞ্চম নদী মহোৎসব শুরু হয়?**
(a) হোসাঙ্গাবাদ (b) ধার (c) ভোপাল (d) অনুপ্পুর

**22. নিচের কোনটি একটি মৌল?**
(a) চুনি (b) নীলা (c) পান্না (d) হিরা

**23. আন্তর্জাতিক কালা মেলা কোন শহরে অনুষ্ঠিত হয়?**
(a) নতুন দিল্লি (b) সুরাট (c) কলকাতা (d) জয়পুর

**24. কোন রাজ্য সরকার পুলিশ ফোর্সের জন্য 'পকেট কপ প্রোজেক্ট' ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করেছে?**
(a) কেরালা (b) গুজরাট (c) মণিপুর (d) সিকিম

**25. A ও B নল দুটি একটি ট্যাঙ্ককে যথাক্রমে 4 ঘণ্টা ও 5 ঘণ্টায় পূর্ণ করতে পারে। যদি নল দুটি প্রতি এক ঘণ্টা অন্তর খোলা থাকে, তবে ট্যাঙ্কটি কত ঘণ্টায় পূর্ণ হবে?**
(a) $2\frac{1}{4}$ ঘণ্টায় (b) $4\frac{2}{5}$ ঘণ্টায় (c) 5 ঘণ্টায় (d) 3 ঘণ্টায়

**26. সম্প্রতি ন্যাশনাল ক্যাডেট কোর (NCC) -এর নতুন ডিরেক্টর জেনারেলের দায়িত্ব কে পান?**
(a) বিনোদ বশিষ্ঠ (b) এ চক্রবর্তী (c) বি এস সাহরাওয়াত (d) পি পি মালহোত্রা

**27. উদ্ভিদ দেহে ক্যালশিয়াম দরকার হয়............**
(a) বাফার হিসেবে (b) কোশপ্রাচীর গঠন করতে (c) অস্টিওস্কেলেরাইড তৈরিতে (d) কোনোটি সঠিক নয়

**28. P, Q এবং R –এর বয়সের সমষ্টি 90 বছর। 10 বছর আগে তিনজনের বয়সের অনুপাত ছিল 1 : 2 : 3. বর্তমানে Q-এর বয়স কত?**
(a) 20 বছর (b) 30 বছর (c) 40 বছর (d) 50 বছর

**29. ২০১৮ মিস কোভাগাম সৌন্দর্য প্রতিযোগিতা কে জেতেন?**
(a) Sukanyeah (b) Amita (c) Mubina (d) Nirjara

**30. অর্থনীতিবিদ অশোক মিত্র (সম্প্রতি মারা গিয়েছেন) কোন রাজ্যের বাসিন্দা?**
(a) আসাম (b) পশ্চিমবঙ্গ (c) ঝাড়খণ্ড (d) ওড়িশা

**31. দুর্বল অস্থির সমস্যা এড়াতে এবং দাঁতের সুস্থ গঠনের জন্য নিচের কোন ভিটামিনটি জরুরি?**
(a) ভিটামিন বি (b) ভিটামিন এ (c) ভিটামিন সি (d) ভিটামিন ডি

**32. তৃতীয় শ্রেণির লিভারের উদাহরণ নিচের কোনটি?**
(a) কাঁচি (b) টিউবওয়েলের হাতল (c) ছিপি খোলার চাবি (d) চিমটা

**33. কোনো একটি গ্যাসকে উচ্চচাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলে সম্প্রসারিত করলে তাপমাত্রা কী হয়?**
(a) বৃদ্ধি পায় (b) হ্রাস পায় (c) কোনও ক্ষেত্রে বাড়ে কোনও ক্ষেত্রে কমে (d) অপরিবর্তিত থাকে

**34. মঙ্গলের উপগ্রহ নিম্নলিখিত কোনটি?**
(a) ডাইমোস (b) গ্যানিমিড (c) টাইটান (d) ইউরেনাস

**35. ভারতের কোন রাজ্যে সংখ্যালঘুদের জন্য 'ইন্টারন্যাশনাল এডুকেশনাল ইনস্টিটিউট' তৈরি হতে চলেছে?**
(a) রাজস্থান (b) উত্তর প্রদেশ (c) বিহার (d) জম্মু ও কাশ্মীর

**36. ২০১৮ মেন'স সিঙ্গল মিয়ামি ওপেন টেনিস টুর্নামেন্টে কে জয়ী হন?**
(a) John Isner (b) Alexander Zverev (c) Roger Federer (d) Kei Nishikori

**37. সম্প্রতি ভারতের কোন শহরে 'ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি' অনুষ্ঠিত হয়?**

(a) বেঙ্গালুরু (b) দিল্লি (c) হায়দরাবাদ (d) বিশাখাপত্তনম

**38. পেপসিন হল একপ্রকার ............**

(a) হরমোন (b) ভিটামিন (c) উৎসেচক (d) পরিপোষক

**39. ২০১৮ আন্তর্জাতিক বৌদ্ধ সম্মেলন কোন শহরে অনুষ্ঠিত হয়?**

(a) ধর্মশালা (b) বারাণসী (c) কাঠমাণ্ডু (d) লুম্বিনি

**40. ২০১৭ দাদাসাহেব ফালকে পুরস্কার কে পান?**

(a) অমিতাভ বচ্চন (b) বিনোদ খান্না (c) শ্রীদেবী (d) কোনোটি সঠিক নয়

**41. নিচের চারটি শব্দের মধ্যে বেমানানটি খুঁজুন:**

(a) বেনারস (b) আগ্রা (c) হরিদ্বার (d) এলাহাবাদ

**42. ঘুমন্ত অবস্থায় মানুষের রক্তচাপ...............**

(a) বৃদ্ধি পায় (b) হ্রাস পায় (c) বাড়ে-কমে (d) একই থাকে

**43. সাহিত্যিক কোট্টায়াম পুষ্পানাথ (সম্প্রতি মারা গিয়েছেন) কোন ভাষায় লিখতেন?**

(a) তেলুগু (b) তামিল (c) মালায়ালম (d) কন্নড়

**44. সুজানের স্বামী সৌমেন। সৌমেনর মা অমৃতা। অমৃতার ননদ অহনা। অহনার একমাত্র দাদা শুভম সুজানের কে হয়?**

(a) শ্বশুর (b) মামাশ্বশুর (c) দাদা (d) দেবর

**45. ২০১৮ সালে কে ২৬তম পিসি চন্দ্র পুরস্কার পান?**

(a) মিঠুন চক্রবর্তী (b) সোনু নিগম (c) শর্মিলা ঠাকুর (d) আশা ভোসলে

**46. কে পি শর্মা ওলি কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন?**

(a) নেপাল (b) শ্রীলঙ্কা (c) ভুটান (d) মায়ানমার

**47. 3 থেকে শুরু করে পর-পর পাঁচটি বিজোড় সংখ্যার গড় কত হবে?**

(a) 5 (b) 7 (c) 9 (d) 11

**48. সাংহাই কর্পোরেশন অর্গানাইজেশনের সদস্য সংখ্যা এখন কত?**

(a) চার (b) পাঁচ (c) ছয় (d) সাত

# ANSWERS

1. (a) 2. (b) 3. (a) 4. (a) 5. (c) 6. (b) 7. (a) 8. (d) 9. (d) ব্যাখ্যা: থার্মোমিটার মানবদেহের তাপমাত্রা মাপতে ব্যবহার করা হয়। একইভাবে গ্লুকোমিটার মানবদেহে রক্তে শর্করা অর্থাৎ ব্লাড শুগার মাপতে ব্যবহার করা হয়। 10. (c) 11. (a) বিশ্লেষণ: রাকেশ অমিতের থেকে বেঁটে মানে অমিত রাকেশের থেকে লম্বা, আবার বাবাই অমিতের থেকে লম্বা কিন্তু বাবাই কুন্তলের থেকে বেঁটে মানে কুন্তল এদের মধ্যে লম্বা। অবার কুন্তল বাবাইয়ের থেকে বেঁটে মানে অনীকের থেকেও বেঁটে। মানে অনীক সবার থেকে লম্বা।

12. (b) 13. (d) 14. (b) দ্রব্যমূল্য হ্রাস পাওয়ার জন্য 1টাকা বা 100 পয়সার $12\frac{1}{2}\%$

অর্থাৎ, $12\frac{1}{2}$ পয়সা সাশ্রয় হবে। শর্তানুসারে, এই $12\frac{1}{2}$ পয়সাতেই বর্তমানে 4টি অতিরিক্ত

দ্রব্য পাওয়া যায়। অতএব বর্তমানে $12\frac{1}{2}$ বা $\frac{25}{2}$ পয়সায় পাওয়া যায় 4টি দ্রব্য

অতএব বর্তমানে 1 পয়সায় পাওয়া যায় $\frac{4}{25/2}$ টি দ্রব্য

অতএব বর্তমানে 100 পয়সায় পাওয়া যায় $\frac{4\times2}{25}\times100$ টি দ্রব্য = 32টি দ্রব্য।

অতএব, হ্রাসপ্রাপ্ত মূল্যে বর্তমানে টাকায় 32টি দ্রব্য পাওয়া যাবে।

15. (a) 16. (b) 17. (c) ব্যাখ্যা: এখানে প্রতিটি অক্ষরের পরবর্তী অক্ষরকে ধরা হয়েছে।18. (b) 19. (d) 20. (c) 21. (a) 22. (d) 23. (a) 24. (b) 25. (b) A নল দ্বারা একটি ট্যাঙ্ক 4 ঘণ্টায় পূর্ণ হয়।

অতএব, A নল দ্বারা 1 ঘণ্টায় ট্যাঙ্কটির $\frac{1}{4}$ অংশ পূর্ণ হয়।

আবার, B নল দ্বারা ট্যাঙ্কটি 5 ঘণ্টায় পূর্ণ হয়।

অতএব, B নল দ্বারা 1 ঘণ্টায় ট্যাঙ্কটির $\frac{1}{5}$ অংশ পূর্ণ হয়।

যেহেতু, নল দুটি প্রতি এক ঘণ্টা অন্তর খোলা থাকে, তাই ১ম ঘণ্টায় (অর্থাৎ বিজোড় ঘণ্টায়) A নল এবং ২য় ঘণ্টায় (অর্থাৎ, জোড় ঘণ্টায়) B নল খোলা থাকবে।

এখন, প্রতি 2 ঘণ্টায় ট্যাঙ্কটির $\left(\frac{1}{4}+\frac{1}{5}\right)=\frac{9}{20}$ অংশ পূর্ণ হয়।

অতএব, প্রথম 4 ঘণ্টায় ট্যাঙ্কটির $\left(\frac{9}{20}\times2\right)=\frac{9}{10}$ অংশ পূর্ণ হয়।

বাকি থাকে = $\left(1-\frac{9}{10}\right)=\frac{1}{10}$ অংশ স্পষ্টতই এই অংশটি A নল দ্বারা পূর্ণ হবে।

এখন, A নল দ্বার 1 অংশ ট্যাঙ্ক পূর্ণ হয় = 4 ঘণ্টায়

অতএব, A নল দ্বারা $\frac{1}{10}$ অংশ ট্যাঙ্ক পূর্ণ হয় = $4\times\frac{1}{10}$ ঘণ্টায় = $\frac{2}{5}$ ঘণ্টায়

অতএব, ট্যাঙ্কটি পূর্ণ হতে মোট সময় লাগবে = প্রথম 4 ঘণ্টা + $\frac{2}{5}$ ঘণ্টা = $4\frac{2}{5}$ ঘণ্টা

26. (d) 27. (b) 28. (b) 10 বছর আগে P, Q ও R প্রত্যেকের 10 বছর কম থাকায় বর্তমান মোট বয়স থেকে (10×3) বছর = 30 বছর কম হবে।
অতএব 10 বছর আগে তিন জনের মোট বয়স ছিল বছর (90 – 30) = 60 বছর
P, Q, R-এর বয়সের অনুপাতের সমষ্টি (1 + 2 + 3) = 6
6 অনুপাত = 60 বছর
অতএব 2 অনুপাত= 20 বছর অতএব 10 বছর আগে Q-এর বয়স ছিল 20 বছর।
Q-এর বর্তমান বয়স = 20 + 10 = 30 বছর।

29. (c) 30. (b) 31. (d) 32. (d) 33. (c) 34. (a) 35. (a) 36. (a) 37. (c) 38. (c) 39. (d) 40. (b) 41. (b) বিশ্লেষণ: আগ্রা বাদে বাকি তিনটি শহর গঙ্গা নদীর তীরে অবস্থিত। 42. (c) 43. (c) 44. (a) ব্যাখ্যা: মায়ের ননদ অর্থাৎ সৌমেনের পিসি অহনা। পিসির একমাত্র দাদা শুভম সৌমেনের বাবা। সুজান সৌমেনের স্ত্রী, অর্থাৎ শুভম সুজানের শ্বশুর। 45. (d) 46. (a) 47. (b) মনে করুন প্রথম বিজোড় সংখ্যাটি = n
∴ অন্য পর-পর বিজোড় সংখ্যাগুলি হবে = n + 2, n + 4, n + 6, n + 8
পর-পর বিজোড় সংখ্যাগুলির সমষ্টি = (n + n + 2 + n + 4 + n + 6 + n + 8) = 5n + 20

পর-পর বিজোড় সংখ্যাগুলির গড় হবে = $\frac{5n+20}{5}$

এখানে n = 3 [∵ 3 থেকে বিজোড় সংখ্যা শুরু হচ্ছে]

∴ $\frac{5\times3+20}{5}=\frac{35}{5}=7$

48. (c)